



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/3/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল বিমানবন্দরের আধুনিকায়ন ও নিরাপত্তা উন্নয়ন প্রকল্পের জন্য 25 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য থাকার ঘোষণা করলেন

তহবিল পুরো নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহের অর্থনৈতিক প্রতিযোগিতা করার ক্ষমতা বৃদ্ধি করবে

কর্মসূচিটি ব্যবসার বিকাশের জন্য অতি গুরুত্বপূর্ণ সমর্থন প্রদান করে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে স্টেটের জনসাধারণের ব্যবহৃত বিমানবন্দরসমূহের নিরাপত্তা বৃদ্ধি, পরিচালনার আধুনিকায়ন, পরিবেশগত স্থিতিশীলতার প্রসার এবং আঞ্চলিক অর্থনীতির প্রতিযোগিতা করার ক্ষমতা বৃদ্ধিতে সমর্থন করার জন্য 25 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট তহবিল এখন উপলভ্য রয়েছে। এয়ার নিউ ইয়র্কের (AIR NY) এভিয়েশন ক্যাপিটাল অনুদান কর্মসূচির (Aviation Capital Grant Program) মাধ্যমে উপলভ্য তহবিলটি সম্প্রদায়ের গেটওয়ে হিসেবে এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সমৃদ্ধির চালিকাশক্তি হিসেবে কাজ করা পুরো স্টেটের বিমানবন্দরসমূহকে সমর্থন করার জন্য নিউ ইয়র্ক স্টেটের ঐতিহাসিক প্রতিশ্রুতির অংশ।

"বিমানবন্দর হলো অনস্বীকার্য হাতিয়ার যা পর্যটকদের স্বাগত জানাতে এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি ও বিনিয়োগের জন্য নতুন সুযোগ সৃষ্টি করতে স্থানীয় সম্প্রদায়সমূহকে সাহায্য করে," **গভর্নর হোকল বলেন।** "এয়ার নিউ ইয়র্ক কর্মসূচির মাধ্যমে উপলভ্য নতুন এই তহবিলটি বাসিন্দা ও পর্যটক সকলের জন্য দক্ষ, ঝামেলামুক্ত অভিজ্ঞতা প্রদান করতে এবং ভ্রমণকারীদের বারবার নিউ ইয়র্কে ফেরত আসতে আগ্রহী করতে আমাদের স্থানীয় বিমানবন্দরসমূহকে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগ (Department of Transportation) পরিচালিত এয়ার নিউ ইয়র্ক এভিয়েশন ক্যাপিটাল অনুদান কর্মসূচিটি এমন প্রকল্পকে সমর্থন করে যা জনগণের এবং কর্মচারীদের নিরাপত্তা বৃদ্ধি করে, পরিবহন ব্যবস্থার টেকসই দশা এবং স্থিতিস্থাপকতা উন্নত করে, পারফরম্যান্স এবং উদ্ভাবন অগ্রসর করে, এবং নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক সুস্থতাকে সমর্থন করে। এই কর্মসূচির অধীনে অর্থায়িত পূর্বের প্রকল্পসমূহে নতুন নিরাপত্তা এবং অ্যাক্সেস নিয়ন্ত্রণ ফ্যাসিলিটির নির্মাণ, নতুন অটোমেটেড আবহাওয়া পর্যবেক্ষণ ব্যবস্থা স্থাপন, নতুন ও বিদ্যমান হ্যাঙ্গার ও আকাশযানে জ্বালানি ভরার ফ্যাসিলিটিসমূহের নির্মাণ ও পুনর্বাসন অন্তর্ভুক্ত ছিলো। 2023 সালে, পুরো নিউ ইয়র্ক জনসাধারণের ব্যবহৃত 36টি বিমানবন্দরের কৌশলগত অবকাঠামো উন্নয়নের জন্য কর্মসূচিটি [আনুমানিক 49 মিলিয়ন মার্কিন ডলার](#) প্রদান করেছে।

[2018 সালের স্টেট বিমানবন্দর ব্যবস্থা পরিকল্পনার \(State Airport System Plan\)](#) তালিকাভুক্ত জনসাধারণের ব্যবহৃত যোগ্য বিমানবন্দরসমূহের জন্য এভিয়েশন ক্যাপিটাল অনুদান কর্মসূচিটি উপলভ্য আছে। যোগ্য প্রকল্পের ক্রিয়াকলাপগুলির মধ্যে রয়েছে সুরক্ষা প্রকল্প, সংরক্ষণ প্রকল্প, নতুন নির্মাণ এবং অন্যান্য প্রকল্প যা ব্যবসার বিকাশ এবং অর্থনৈতিক প্রতিযোগিতা বৃদ্ধি করে। একটি প্রতিযোগিতামূলক আবেদন প্রক্রিয়ার মাধ্যমে প্রকল্পসমূহকে নির্বাচিত করা হবে এবং আশেপাশের সম্প্রদায় ও ব্যবসার জন্য অর্থনৈতিক লাভ; আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন পরিকল্পনার প্রতি আনুগত্য; নিরাপত্তার উন্নয়ন; উন্নত পরিচালনামূলক দক্ষতা; এবং শক্তি দক্ষতা ও নিঃসরণ হ্রাস করার মতো প্রতিষ্ঠিত নির্ণায়কের উপর ভিত্তি করে রেটিং প্রদান করা হবে।

এই অর্থায়নের সুযোগের জন্য 22 জানুয়ারি, 2025 তারিখ পর্যন্ত নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগ আবেদন গ্রহণ করবে। কর্মসূচির নির্দেশাবলী ও আবেদনপত্র [পাওয়া যাবে এখানে](#)।

নিউ ইয়র্ক স্টেটের পরিবহন কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন, "গভর্নর হোকল জানেন যে আমাদের পরিবহন অবকাঠামোতে বিনিয়োগ করা হলে তা বর্ধিত নিরাপত্তা, অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং পুরো নিউ ইয়র্ক স্টেটের সম্প্রদায়সমূহের জীবনযাত্রার মাণ উন্নত করার ব্যাপারে বিশাল লভ্যাংশ প্রদান করে। এইসব বিনিয়োগের সুযোগ প্রদান করার মাধ্যমে আমরা নিশ্চিত করছি যাতে আমাদের স্থানীয় সম্প্রদায়সমূহ তাদের বিমানবন্দরের নিরাপত্তা, সুরক্ষা এবং স্থিতিস্থাপকতায় গুরুত্বপূর্ণ উন্নয়ন করতে পারে, যাতে করে এর বদলে সেগুলি আধুনিক গেটওয়ে হিসেবে কাজ করতে পারে, তাদের দীর্ঘমেয়াদি অর্থনৈতিক সমৃদ্ধিকে উন্নত করবে এমন নতুন ব্যবসা ও সুযোগকে স্বাগত জানাতে পারে।"

পরিবহন বিভাগ সম্পর্কে

নিউ ইয়র্ক স্টেটের পরিবহন দপ্তরের লক্ষ্য হলো এমন একটি নিরাপদ, নির্ভরযোগ্য, ন্যায্য এবং প্রাণবন্ত পরিবহন ব্যবস্থা প্রদান করা যা সম্প্রদায়সমূহকে সংযুক্ত করে, জীবনযাত্রার মান উন্নত করে, পরিবেশের সুরক্ষা করে, এবং নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক কল্যাণকে সমর্থন করে। এটি জীবনের প্রশ্ন; গতি ধীর করুন এবং হাইওয়ের কর্মীদের জন্য সরে যান!

আরো তথ্যের জন্য, আমাদের [ফেসবুক \(Facebook\)](#)-এ খুঁজুন [এক্স \(X\)](#) বা [ইনস্টাগ্রাম \(Instagram\)](#)-এ আমাদের অনুসরণ করুন অথবা আমাদের [ওয়েবসাইট](#) ভিজিট করুন। সর্বশেষ যাতায়াতের তথ্যের জন্য 511 এ ফোন করুন, www.511NY.org ভিজিট করুন বা বিনামূল্যে 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসারবক্লাইব করুন](#)